

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.১১.১৫২.২২-১৭

তারিখ: ২৭ পৌষ ১৪৩২
১১ জানুয়ারি ২০২৬


প্রজ্ঞাপন

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ এর ১২(১) ধারা অনুযায়ী প্রফেসর ড. মো: নূরুল হক, এক্স ডিন, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-কে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

- ক. ট্রেজারার হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর হবে;
- খ. তিনি অবসর গ্রহণের পূর্বে উত্তোলিত বেতনভাতার সমপরিমাণ অর্থ মাসিক সম্মানি হিসেবে প্রাপ্য হবেন;
- গ. তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন এবং সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;
- ঘ. তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন; এবং
- ঙ. মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২.০ জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(নাদিমা খন্দকার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২৫৫১০০৬১৪


ই-মেইল: ds_univ1@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.১১.১৫২.২২-১৭/১(১৬)

তারিখ: ২৭ পৌষ ১৪৩২
১১ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
৫. ভাইস-চ্যান্সেলর, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
৬. ভাইস-চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
৭. প্রফেসর ড. মো: নূরুল হক, এক্স ডিন, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
৮. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১১. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১২. পি.আই.ডি., তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল
১৫. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. অফিস কপি।


(নাদিমা খন্দকার)
সিনিয়র সহকারী সচিব